সংখ্যা - ৮ অগাস্ট ২০১৯
শ্রাবণ — ভাদ্র ১৪২৬
Issue No. — 8 August 2019

মূল্য : ৬ টাকা (বার্ষিক - ৭০ টাকা)
Single Issue : 6/- Annual Fee : 70/-

Website : babihar.org
E-mail : babihar@gmail.com

বহির্বাঙলার বাঙালিদের মুখপত্র

সঞ্চিতা

বিহার বাঙালি সমিতি

সম্পাদকীয়:

স্বাধীনতা উদযাপনের মাস

বিদ্যুৎ পাল

আগস্ট মাস, শ্রাবণ আর ভাদ্রের বৃষ্টি ও বৃষ্টিহীন দাহে বেশ কয়েকটি উদযাপনের মাস। বাঙালির বাইশে শ্রাবণ আছে, হিন্দি অঞ্চলে জনপ্রিয় আগস্ট ক্রান্তি দিবস ৯ই আগস্ট আছে, আমরা যারা মনিষীদের স্মরণে রাখতে চাই তাদের জন্য ২রা আগস্ট আছে, আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের জন্মদিবস... কিন্তু সবচেয়ে বড় উদযাপন স্বাধীনতা দিবস।

জানি, ভিতরের মানুষটা ঠোঁট বেঁকাবে, "কিসের স্বাধীনতা?" তার গোনাতে থাকা ফিরিস্তির একটাও মিথ্যে নয়, দারিদ্র্য, বেকারি, শোষণ, বঞ্চনা, গণতন্ত্রের নামে ধনকুবেরদের দৌরাত্ম ও অপশাসন... তবু, স্বাধীনতা দিবস উদযাপন এমন একটা পথ যাতে সকালের আলোয় পা রেখে আমরা আমাদের শিশুসন্তানদের হাত ধরে এগোই। কখনো আমরা তাদের ঘুম ভাঙাই, কখনো তারা আমাদের ঘুম ভাঙায়। কখনো তারা আমাদের টানে, কখনো আমরা তাদের টানি। কিন্তু একে অন্যের জন্য, ওই পথটায় হেঁটে, পৌঁছোতে চাই অবশ্যই।

আগস্টে আরো একটা বিড়ম্বনার সম্মুখীন হই আমরা। অতিবৃষ্টি ও অনাবৃষ্টি। বন্যা ও খরা। ১৬ আগস্টের ডেক্কানহেরাল্ড জানাচ্ছে যে এবছর বিহারের উত্তর দিকে ১৩টা জেলায় বন্যার প্রকোপ আর দক্ষিণ দিকের ১০টা জেলায় খরার প্রকোপ। বিহারের কোশি প্রভাবিত অঞ্চলে জুলাইয়ের শেষ থেকেই ঘরে জল ঢুকতে শুরু করেছে। একটা বড় খবর যে এবার কোশির জল মেচি নদী হয়ে মহানন্দায় নিয়ে যাওয়ার পরিকল্পনা বাস্তবায়িত হবে। তাহলে প্রতি বছর বন্যার আশঙ্কাও যেমন কমবে, আরারিয়া, কাটিহার, কিশনগঞ্জ প্রভৃতি জেলায় ২ লক্ষের বেশি চাষজমি সেচের জল পাবে। অন্যদিকে দক্ষিণবিহারের খরাপ্রভাবিত জেলাগুলির সমীক্ষা করে মুখ্যমন্ত্রী চাষীদের ডিজেলে ভর্তুকি দিতে বলেছেন। অর্থাৎ মাটির নিচের জল আরো বেশি করে তুলে আপাততঃ ফসল বাঁচানো হবে। তাহলে ভুগর্ভের জলস্তর আরো কতদূর নামবে?

আমরা বিহারের মানুষ। একচোখ ভরা জল আর একচোখ ভরা দাহ নিয়ে জাতীয় পতাকাকে সেলাম জানাই। কখনো জলটা আনন্দাশ্রু। কখনো দাহটা সংকল্পের তেজ। মনে আছে, কয়েক বছর আগে নির্ভয়ার ধর্ষণ ও হত্যার বিরুদ্ধে যে মিছিলের জোয়ার উঠেছিল দিল্লির রাজপথে, তার শরিক একজন, নিজের সন্তানের হাত ধরে হাঁটার অভিজ্ঞতার কথা লিখেছিলেন। লিখেছিলেন যে এমন সুযোগ জীবনে কম আসে।

সত্যি কম আসে। কিন্তু স্বাধীনতা দিবস বছরে একবার সে সুযোগটা করে দেয়। আমরা আমাদের সন্তানদের হাত ধরে হাঁটতে হাঁটতে সেই সব অনেক প্রতিশ্রুতির কথা বলি যা এখনো পুরো হয়নি। পুরো করার আহ্বান ওই স্বাধীনতা দিবস আর আকাশে অল্প অল্প হিল্লোলিত হতে থাকা জাতীয় পতাকা।

গত এপ্রিল ২০১৯ এ ২০১৮র প্রকাশিত তিন সংখ্যা ও এপ্রিল—জুলাই ১৯ (৪) সংখ্যা ডাক যোগে পাঠানো হয়েছে। যাঁরা পেয়েছেন, তাদের ৯৪৩০২৯৪২৮৭ নং এ SMS করে প্রাপ্তি সংবাদ জানাতে অনুরোধ জানাই। সকলকে বর্তমান ঠিকানা, মোবাইল নং ও ই-মেল জানাতে অনুরোধ জানাই।

যাঁরা সঞ্চিতা নিয়মিত পাচ্ছেন না, তাদের সম্পাদক, সঞ্চিতাকে লিখিত ভাবে জানাতে অনুরোধ জানাই। আমরা ডাক বিভাগে আপনাদের পাওয়া চিঠি সংলগ্ন করে লিখিত অভিযোগ জানাব।

সকলকে ১০০০টাকা অনুদান দিয়ে সঞ্চিতা পত্রিকার পৃষ্ঠপোষক হতে অনুরোধ জানাই।

Sanchita 52th Year: Issue No. 8 August 2019, R.N.I. No.- 28243/67 & Postal Regd. No.- PT 25/2018—20

আচার্য প্রফুল্ল চন্দ্র রায় ও বেঙ্গল কেমিক্যালস

রবিঠাকুরের সমসাময়িক এই মানুষটি একাধারে বিশ্বখ্যাত রসায়নবিদ, আবিষ্কারক, ভারতীয় বিজ্ঞানের ইতিহাস রচনার অগ্রপথিক, ঘোর স্বদেশী ও স্বাধীনতাপিপাসু শিক্ষাচার্য (ইংরেজদের খাতায় 'সন্ত্রাসবাদী' হিসেবে চিহ্নিত) এবং ভারতের অগ্রণী উদ্ভাবক-উদ্যমীদের একজন। বাঙালি শিক্ষিত-মধ্যবিত্ত মানস অন্য অনেক দেশের মত বিজ্ঞান ও শিল্পসচেতন হলে প্রাতঃস্মরণীয় এই আচার্যের ছবি ঘরে ঘরে টাঙাতো, বিশ্বকবির পাশে, কিন্তু দুঃখের কথা, তা তারা নয়, আর তাই প্রফুল্ল চন্দ্র রায়ের জন্মতিথি জোর করে মনে করাতে হয়। ফুটপাতে ছবির পসরাতে এনার ছবিও কম পাওয়া যায়। জগদীশচন্দ্র বসুর জন্মতিথিও মনে করাতে হয়। তাঁর ছবিও কারোর ঘরে পাওয়া যাবে না।

যদি বা মনে করেও নিই, সমস্যা হবে যে উদযাপন করব কিভাবে! রবিঠাকুরেরটা তো সহজ – কিছু গান, কিছু নাচ, কিছু আবৃত্তি আর কিছু ভাবুক ভাবুক কথা। কিন্তু বৈজ্ঞানিকের জন্মদিন উদযাপনে তো বৈজ্ঞানিক 'নাচ-গান-আবৃত্তি' হওয়ার কথা – তা পাবো কোথায়?

যাঃ, 'বৈজ্ঞানিক নাচ-গান-আবৃত্তি'! তা আবার হয় নাকি!

হয় তো! একটু বুদ্ধি খাটাতে হয়।

কিন্তু সে যাক। পরের বছর উদযাপনের প্রস্তাব এলে নাহয় বলা যাবে। আপাততঃ বলার এটুকুই যে সেই প্রফুল্ল চন্দ্র রায়ের নিজের হাতে ১৯০১ সালে গড়া, ভারতের প্রথম ওষুধ প্রস্তুতকারী সংস্থা, শতাব্দী-প্রাচীন বেঙ্গল কেমিক্যালস বিক্রি হয়ে যাচ্ছে। ১৮ই জুলাইয়ের আনন্দবাজার পত্রিকা জানাচ্ছে যে কেন্দ্রীয় মন্ত্রিসভার সিদ্ধান্তে বেঙ্গল কেমিক্যালস অ্যান্ড ফার্মাসিউটিক্যালস লিমিটেড বিলগ্নিকৃত করার, চার বছর আগে নেওয়া সিদ্ধান্ত এবার কার্যকর হবে।

সংস্থাটা পশ্চিমবঙ্গে। তবে আমরা বিহার থেকে নৈতিক প্রতিবাদ জানাতে পারি। আরো এই জন্য যে সংস্থাটা লাভের মুখ দেখছিল। সংস্থার বর্তমান প্রধান ভরসা দিয়েছিলেন যে কয়েক বছর পরেই সংস্থাটি 'মিনি-রত্নে' পরিণত হবে। আমরা প্রতিবাদ জানাই এবং পশ্চিমবঙ্গের সরকারকে অনুরোধ জানাই যে তাঁরা যেন এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সাথে কথা বলেন, যাতে এই বিলগ্নিকরণ আটকানো যায়।

প্রয়াত হলেন সকলের ভালবাসা ও শ্রদ্ধার মানুষ, ধানবাদের রায়বাবু



ধানবাদের প্রবাদপ্রতিম রাজনৈতিক ব্যক্তিত্ব এ কে রায় গত ২১শে জুলাই প্রয়াত হলেন। বহু রাজনৈতিক উত্থানপতনের সাক্ষী এই বর্ণময় নানুষটি ধানবাদের ইতিহাসের গতিপথ বদলের অনুঘটকে পরিণত হয়েছেন। পৃথক রাজ্য ঝাড়খন্ড গঠনের দাবিতে যে আন্দোলন মাঝেমাঝেই গতি হারিয়ে ফেলত, ওনার নেতৃত্বে 'মরাগাঙে বান ডাকত' প্রতিবার। যে দলের নেতৃত্বে পৃথক ঝাড়খন্ড রাজ্য গঠনের অনেকদিনের স্বপ্ন ও সংগ্রাম আকাঙ্খিত লক্ষ্যে পৌঁছেছিল, সেই 'ঝাড়খন্ড মুক্তি মোর্চা'র ভাবনা তাঁরই মস্তিষ্কপ্রসুত – বিনোদবিহারী মাহাত তাকেই বাস্তবায়িত রূপ দেন। তার কিছুদিন পর শিবু সোরেন এই আন্দোলনের সাথে যুক্ত হন।

Standard Industries
35, New Market, Patna - 800001
Telephone No. : 0612-2222343
e-mail : amitmu1947@gmail.com; standard7864@gmail.com
BRC Duckback
High Quality Leather Accessories

For
Video & Still Photography
Contact : Sujay Bhattacharya
B. M. Das Road, Patna - 800 004
Mob. 9835424997, 9661124835

Surnandan Bharati
ISO : 9001-2008
Music, Dance, Painting, Recitation, Drama, Crafts, Carnatic Music,
Western Music and Dance Examination Board and Research Institute
An ISO 9001 : 2008 Society
D24/2, Rabindra Pally, Kolkata - 700086
+91 33 2462 4151 +91 8981004151
ritishchakravarty@yahoo.com
surnandanbharati@yahoo.com
www.surnandanbharati.com
Ritish Chakravarty
All India Secretary
Surnandan Bharati

সঞ্চিতার প্রকাশনা ও বার্ষিক চাঁদা

এপ্রিল ২০১৯ এ ২০১৮র প্রকাশিত তিন সংখ্যা ও এপ্রিল—জুন ১৯ সংখ্যা ডাক যোগে পাঠানো হয়েছে। যাঁরা পেয়েছেন বা পাননি, তাদের ৯৪৩০২৯৪২৮৭ নং এ SMS করে জানাতে অনুরোধ জানাই। সকলকে বর্তমান ঠিকানা, মোবাইল নং ও ই-মেল জানাতে অনুরোধ জানাই।

যাঁরা বার্ষিক গ্রাহক তাদের সকলকে নিজের বকেয়া (গত তিন বছরে প্রকাশিত ১৬ সংখ্যার ৮০টাকা ও ২০১৯এর চাঁদা (৭০টাকা) মোট ১৫০টাকা তাড়াতাড়ি ব্যাঙ্ক একাউন্টে জমা করে ও সম্পাদককে জানিয়ে সহযোগিতার হাত বাড়াতে অনুরোধ জানাই।

তিনবার বিধায়ক (১৯৬৭ ,১৯৬৯ ও ১৯৭২, সিন্দ্রি আসন থেকে) ও তিনবার সাংসদ (১৯৭৭ ,১৯৮০ ,১৯৮৯, ধানবাদ আসন থেকে) হন রায়বাবু। সাংসদ হিসেবে তাঁর বক্তৃতাগুলি উচ্চপ্রশংসিত হয়েছে। বিশেষ করে সাংসদদের বেতন-ভাতা বাড়ানোর বিরুদ্ধে তাঁর মর্মস্পর্শী আবেদন এক ঐতিহাসিক দলিল হয়ে আছে। তিনি পরবর্তী কালে পেনশন গ্রহণ করেন নি। আমৃত্যু তাঁর সঙ্কল্পে অনড় থেকেছেন। রাজনীতিতে সততা ও নৈতিকতার প্রশ্নে সারাজীবন অবিচল থেকেছেন, কোন প্রলোভনে পা দেন নি। সিম্পল লিভিং, হাই থিঙ্কিং এর উদাহরণ হয়ে লক্ষ্ লক্ষ্ মানুষের শ্রদ্ধা অর্জন করেছেন।

১৯৩৫ সালের ১৫ই জুন রাজশাহী জেলার নওগাঁওএ তাঁর জন্ম। সেখানকার স্কুল থেকে ১৯৫১ সালে ম্যাট্রিক পাশ করে বেলুড়ের রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরে ভর্তি হন। ১৯৫৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং নিয়ে পাশ করে দু বছর পর সিন্দ্রিতে ডঃ কে আর চক্রবর্তীর অধীনে প্ল্যানিং অ্যান্ড ডেভেলাপমেন্ট গবেষণা কেন্দ্রে যোগ দেন। সেখানে কারখানার শ্রমিক আন্দোলনের প্রতি নৈতিক সমর্থন জানালে কর্তৃপক্ষ অসন্তুষ্ট হয়। বারবার শ্রমিকদের দাবির পাশে দাঁড়ানোর জন্য প্রথমে সাস্পেন্ড ও পরে বরখাস্ত হন।

কর্মরত অবস্থায় সিন্দ্রি শহরের চারপাশের গ্রামের দুর্দশা দেখে মর্মাহত হয়ে তাদের মধ্যে সামাজিক ন্যায় ও নাগরিক অধিকার রক্ষার চেতনা জাগানোর জন্য অভিযান চালান। চাকরি খোয়াবার পর পূর্ণসময়ের কর্মী হিসেবে আরো ব্যাপক ভাবে কাজ করার সুযোগ পান। ১৯৬৭ সালে তাঁকে একটি বামপন্থী দলের তরফ থেকে বিধানসভা নির্বাচনে প্রার্থী করা হয়। রাজনৈতিক বিশেষজ্ঞদের হিসেব ওলটপালট করে দিয়ে তিনি জয়ী হন। এরপর তাঁকে আর পিছন ফিরে তাকাতে হয়নি। ঝাড়খন্ডের শোষিত, বঞ্চিত মানুষদের কাছে তিনি মুক্তিদূতের মত ছিলেন। এমনকি লক্ষ লক্ষ বহিরাগত খনিশ্রমিকদেরও কাছের মানুষ হয়ে ওঠেন। তাঁর অনাড়ম্বর এবং আপোষহীন আদর্শবাদী ভাবমূর্তির জন্য তাঁকে ‘রাজনৈতিক সন্ত’ বা মহাপ্রাণ বলে অভিহিত করা শুরু হয়। তাঁর রাজনীতি-দর্শনের অভিনবত্বের জন্য তাত্ত্বিক মহলে বিতর্কের ঝড় উঠলেও তাঁর অনন্যসাধারণ মানবিক সংবেদনার স্পর্শে আপ্লুত কর্মধারার প্রত্যক্ষ প্রমাণ দেখে তারা শ্রদ্ধাবনত হয়েছে। সাধারণ মানুষ তাঁকে তাদের হৃদয়ের সম্রাট করে রেখেছে।

২১শে জুলাই তাঁর মহাপ্রয়াণের পর পথে নেমে আসা স্বতঃস্ফূর্ত ও অভূতপূর্ব জনজোয়ার তাঁর জনপ্রিয়তা প্রমাণ করে। হাসপাতাল থেকে ধানবাদ শহরের পার্টি ও ইউনিয়ন অফিস হয়ে নুনিডিহ গ্রামের যে কমিউনে তিনি থাকতেন, সেই প্রায় পনের কিলোমিটার পথের দুধারে শোকাকুল সাধারণ মানুষ ঘন্টার পর ঘন্টা প্রাকৃতিক দাবদাহের দংশনকে উপেক্ষা করে, প্রাণের আবেগ মিশিয়ে স্লোগান তুলছিলেন, “গরীবোঁ কা মসিহা এ কে রায় অমর রহেঁ”, “যবতক সুরজ-চাঁদ রহেগা, এ কে রায় কা নাম রহেগা”। পরের দিন সংবাদপত্রে পুরো প্রথম পাতা জুড়ে শিরোনাম ছিল, ‘রাজনীতিক সন্ত এ কে রায় নহীঁ রহে’। ভিতরেও চার পৃষ্ঠা জুড়ে শুধু এ কে রায় সংক্রান্ত খবর ও কাহিনী।

শোকাকুল দোকানদাররা দোকান বন্ধ করে শোকযাত্রায় শামিল হন। ধানবাদ করপোরেশনের মেয়র চন্দ্রশেখর আগরওয়াল সাত ঘন্টা ধরে যাবতীয় ব্যবস্থাপনা সামাল দিতে, কর্মচারীদের নিয়ে সক্রিয় ছিলেন। রায়বাবুর হাতে গড়া, নিরসা অঞ্চলের প্রয়াত নেতা গুরুদাস চ্যাটার্জির (যিনি মাফিয়াদের হাতে খুন হয়ে যান) পুত্র, বর্তমানে নিরসার বিধায়ক অরূপ চ্যাটার্জি, সস্ত্রীক শোকযাত্রায় শামিল হয়ে মাইলের পর মাইল হেঁটেছেন। দামোদর নদের তীরে মহুলবনি ঘাটে রাষ্ট্রীয় মর্যাদায়

Mob.:9386880078 Ph.2301802
Das Company
OPP. P.M.C.H .MAIN GATE
ASHOK RAJPATH, PATNA – 800 004
A modern house for
HEARING AIDS, NUSICAL INSTRUMENTS & BOOKS

গোপাল : ৯৪৩১৬৬২৪২৪ /২৩০৩৬৯৮
শ্রী দুর্গা জুয়েলারী
মাতা মহাকালী মন্দির-বিপরীত
গোবিন্দ মিত্র রোড, লঙ্গরটোলী
পাটনা—৮০০ ০০৪

Mob. : 9835053664/ 2300186 ®
NEW
ROY JEWELLERS
No . 8, First Floor, N. P. Centre
New Dak Bunglow Road
Patna – 800 001

Mob. : 9835012908
With Best Compliments from
M/s Roy Choudhury Photographers
Opp. Patna Collegiate School
DARIYAPUR
PATNA—800 004

Ph. 9835454439
BASAK STORES
Leading Wholesale Cloth Merchant
Chowdhury Market, Ashok Raj Path
Patna – 800 004

সঞ্চিতা আমানত কোষ

মোট পৃষ্ঠপোষক সংখ্যা – ৫১৬ : মোট আমানত : ২,৫০,৬৮৯ টাকা

Bengalee Association, Bihar A/c Sanchita নামে ১০০০ টাকার চেক/ RTGS/NEFT সমিতির S/B A/c State Bank of India এর A/c No. – 11049771396, IFS Code - SBIN0000152 এ জমা করতে পারেন। টাকা জমা করে সম্পাদককে (মো০ - ৯৪৩০২৯৪২৮৭) জানিয়ে দিতে অনুরোধ জানাই।

শেষকৃত্য সম্পন্ন হয়। জাতীয় পতাকায় দেহ ঢাকা ছিল। নিয়মানুসারে সরকারি বাজনদারেরা শোক-ধুন বাজানোর পর বন্দুক নামিয়ে শোক-সেলাম বা গান-স্যালুট দেয়া হয়। ঝাড়খন্ড সরকারের প্রতিনিধি রূপে মন্ত্রী অমর বাউরী, শবদেহে পুষ্পার্ঘ্য দিয়ে তাঁর ভাষণে ঘোষণা করেন, ধানবাদ শহরের পাটলিপুত্র মেডিক্যাল কলেজের নামকরণ করা হবে এ কে রায়ের নামে। কিছুদিন থেকেই নানা মহল থেকে এ কে রায়ের পক্ষে এ ধরণের দাবি তোলা হচ্ছিল, সেদিন সরকার সেটা মেনে নিলেন। টিভির স্থানীয় চ্যানেলে দীর্ঘক্ষণ ধরে, ধারাবিবরণী সহ শোকযাত্রার লাইভ কভারেজ দেখানো হয়।

এ কে রায়ের মানস-গঠনে যে উপাদানগুলির অহম ভূমিকা ছিল, তা তিনি সংগ্রহ করেছিলেন প্রধানতঃ বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ, বিবেকানন্দর জীবন-সমুদ্র মন্থন করে। বিজ্ঞানচেতনা, যুক্তিবাদ, মানবিকতা, কর্মবাদ, কুসংস্কারহীন, অলৌকিকতাবর্জিত সমাজনির্মাণ, নারীর মর্যাদা ও অধিকার রক্ষা, প্রকৃত ধর্মনিরপেক্ষ রাষ্ট্র গড়ে তোলার স্বপ্ন – সবই তিনি আহরণ করেন ঐ মহান ব্যক্তিদের জীবনবৃত্ত থেকে। ... তিনি মার্ক্সবাদী ছিলেন। তাঁর মতে, মানুষকে ভালবাসতে না পারলে খাঁটি মার্ক্সবাদী হওয়া যায়না। তোমার বিরুদ্ধবাদী মনে করো বলে কাউকে প্রাণে মেরোনা। রোগীকে না মেরে রোগের চিকিৎসা করো। পাপীকে ঘৃণা করো না, পাপকে ঘৃণা করো। বেশি তাত্ত্বিক না হয়ে কর্মবাদী হও। জ্ঞান অর্জন করে মানুষের কল্যাণে তাকে প্রয়োগ করার চেষ্টা করো। যেমন বিদ্যাসাগর করতেন।... এ ধরণের কথা রায়বাবু বারবার বলতেন। শ্রমিক আন্দোলনকে তিনি আদর্শ শ্রমিক-চরিত্র নির্মাণের শিক্ষায়তন হিসেবে দেখতেন। অধিকার-দাবির সঙ্গে কর্তব্য-বোধের শিক্ষাও দিতেন। দেশ গড়ার কাজে শ্রমের মূল ভূমিকা সম্পর্কে শ্রমিকদের মনে চেতনা জাগাতে চাইতেন। শ্রেণীসংগ্রামের মধ্য দিয়ে জাতি-ধর্ম-বর্ণ-ভাষা নির্বিশেষে এক অখন্ড দেশ নির্মাণের স্বপ্ন দেখতেন যা তাঁকে অনন্যসাধারণ রাজনীতিবিদ হিসেবে এক দুর্লভ মর্যাদায় ভূষিত করেছে।

পূর্ণিয়া শহরের ৬টি স্কুল পরিদর্শন

গত ৮ ই জুলাই ২০১৯ বিহার বাঙ্গালী সমিতি পূর্ণিয়া শাখার তরফ থেকে আমরা শহরের কিছু স্কুলে যাই বাঙ্গলা পঠন পাঠনের খবর নিতে। দলে ছিলেন তারাশংকর চ্যাটার্জি,অচিন্ত্য বোস,পূর্ণিয়া শাখা কেন্দ্রীয় সমিতির অজয় সান্যাল, শাখা সভাপতি, নারায়ণ চন্দ্র দাস, শাখা সহ সচিব ও রাজ্য সাধারণ সম্পাদক সুনির্মল দাশ। আমরা ছটি স্কুলে যাই। স্কুলে প্রধান শিক্ষক, বঙ্গভাষী শিক্ষকদের সংগে কথা বলে জানতে পারি বাঙ্গলা যারা পড়ছে তাদের সমস্যার কথা।

প্রথমে যাই মধ্য বিদ্যালয়,লালগঞ্জ। ৯০০ র বেশী ছাত্র তার মধ্যে বাঙালি ছাত্র প্রায় ৪৫০। এই বিদ্যালয়ে শিক্ষক প্রসেনজিৎ কুমার দাস একলা এত সংখ্যক বাঙলা ছাত্র ছাত্রীদের পড়াচ্ছে।

এরপরে যাই প্রাথমিক শরণার্থী বিদ্যালয়, মিস্কি। বাঙলা ভাষী ছাত্র ৮০ জন প্রায়। স্কুলের কাছে একশ ঘরের বাঙ্গালী বস্তি। আমাদের লক্ষ্য এই বস্তিতে মাতৃভাষা ও বাঙ্গলা সংস্কৃতি নিয়ে কাজ করার।

আমরা এবার যাই আদর্শ মধ্য বিদ্যালয়,বঅনুপ নগর, বেলৌডী। এখানে বাঙ্গলার একজন ও বঙ্গভাষী মোট তিনজন শিক্ষক আছেন। মূল সমস্যা প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত বাঙ্গলা ভাষার বই সরকার ছাপছেন না। তাছাড়া কোন শ্রেণীতে কতজন বাঙ্গলা ভাষী ছাত্র সেই পরিসংখ্যান সরকারের কাছে যায় না।

আমরা এরপরে যাই আদর্শ মধ্য বিদ্যালয় বেলৌডীতে। জানতে পারলাম

Ph.: 2521072, (M) 9931202484
ROY JEWELLERY MART
G- 4, Pushpanjali Place
Boring Road, Patna – 800 001

মা বৈষ্ণো জুয়েলারি
পপুলার প্যালেস, বাঙালি আখাড়ার গলির সামনে
লঙ্গরটুলি, পাটনা - ৮০০ ০০৪
মো০ - ৯৮৩৫০৮৭৬৫৯
২২ ক্যারেট সোনা, রূপা ও হীরের গহনা নির্মাতা

0612-2665208, 9835431111
With best Compliments from
ROY DIAGNOSTIC
Ramna Road Corner, Nayatola
Patna—800 004

7759815520
With Best Compliments from
DADA GARMENTS
G – 158, Khetan Super Market
Patna—800 004

DAS DIGITAL
Multicolour Offset Printer
Bangali Akhara, D. N. Das Lane
Patna—800 004
9431222396, 9006353001
dasakmp@gmail.com

বাঙ্গলা মাধ্যমে যারা NIOS পরীক্ষা দেয় তাদের পরীক্ষার ফল ঘোষিত হয় না। তাদের নামের পাশে লেখা হয় 'অনুপস্থিত'।

আমাদের পরবর্তী বিদ্যালয় মধ্য বিদ্যালয়, প্রখন্ড মূখ্যালয়,পূর্ণিয়া পূর্ব। এখানেও একই সমস্যা। বাঙ্গলা পাঠ্যপুস্তকের অভাব। বাঙ্গলা শিক্ষক নিযুক্ত হচ্ছে না। সিলেবাসে বাঙ্গলা থাকলেও পরীক্ষায় বাঙ্গলা প্রশ্নপত্র আসে না।

আমরা এবারে যাই মধ্য বিদ্যালয়, খুশকীবাগ। এই স্কুলে ৮০০ জন ছাত্র ছাত্রী। বাঙ্গলা ছাত্রছাত্রী ২০০ জন আনুমানিক। বাঙ্গলাভাষী কিছু শিক্ষিকার সংগে কথা হল। তারা বল্লেন বোর্ড থেকে বাঙ্গলা প্রশ্নপত্র আসে না ফলে
বাঙ্গলা ভাষার পরীক্ষা নেওয়া সম্ভব হয় না। এটি উদ্বেগজনক ঘটনা। এও জানা গেল স্কুল থেকে ছাত্রছাত্রীদের
ভাষাভিত্তিক যে পরিসংখ্যান তালিকা সরকারের কাছে পাঠান হয় বাঙ্গলা ভাষীদের সংখ্যার উল্লেখ সেখানে হয় না।
কারণ স্কুল তালিকায় হিন্দী,উর্দুভাষীর সংখ্যা লেখার জন্য জায়গা থাকলেও বাঙ্গলা ভাষার সংখ্যা উল্লেখ করার
কোন জায়গা নেই। ফলে বিশসূত্রী পরিসংখ্যান সরকারের কাছে পাঠান হচ্ছে অথচ তাতে বাঙ্গলা ভাষী ছাত্র ছাত্রীদের সংখ্যা যাচ্ছে না। রাজ্যে বাঙ্গলা ভাষা আজ গুরুতর সমস্যার সম্মুখীন বলাই বাহুল্য।

ছটি বিদ্যালয়েই মাতৃভাষা শিক্ষাদানে বিরাট সংকট নজরে এসেছে।এই সমস্যার মোকাবিলা রাজ্যে সমস্ত শাখাকেন্দ্র ও কেন্দ্রীয় সমিতিকে একযোগে সম্মিলিত ভাবে করতে হবে।সরকারের সংগে আলোচনা একান্ত প্রয়োজনীয়।

আজ যে সংকট বাঙ্গলা ভাষাকে নিয়ে নিকট ভবিষ্যতে এটা কিন্তু মহীরুহ হয়ে উঠে সমাধানের রাস্তা আটকে দেবে। আসুন হাতে হাত রেখে কাজে নামি। মাতৃভাষা ও বাঙ্গলা সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার দায়িত্ব আমাদের সবার।

প্রতিবেদক - অজয় সান্যাল, পূর্ণিয়া শাখা

মোতিহারি শাখার দ্বিবার্ষিক সাধারণ সভা

গত ৪ঠা অগস্ট ২০১৯ পুষ্কর ব্যানার্জীর মহাশয়ের বাসভবনে বিহার বাঙালি সমিতি, মোতিহারি শাখার দ্বিবার্ষিক সাধারণ সভা শ্রী সুভাষ চন্দ্র দাস মহাশয়ের অধ্যক্ষতা আয়োজিত হয়। এই সভায় শাখার নতুন কমিটির গঠন (2019-21) করা হয়। নিম্নলিখিত সদস্যদের নতুন কমিটিতে সর্বসম্মতিক্রমে নির্বাচিত করা হয়ে।
সভাপতি - রমেন্দ্র নারায়ণ সাহা, সহ-সভাপতি - নারায়ণ দাস
সাধারণ সম্পাদক - অতুল কুমার দাস, যুগ্ম-সম্পাদক - মনোরঞ্জন দাস, নিমাই চন্দ্র দাস, জগৎ নারায়ণ দাস, সহ-সম্পাদক - হারে কৃষ্ণ দাস, কাজল বর্মন, রাখাল দাস, লাল মোহন দাস, কোষাধ্যক্ষ - সলিল কুমার বোস
কেন্দ্রীয় সমিতির সদস্য - স্বরজিৎ বোস, পুষ্কর ব্যানার্জী, হরিমোহন বালা, সুবাস চন্দ্র দাস, নরেশ দাস, হিরেন্দ্র কুমার দাস, নিপেন্দ্র চন্দ্র দাস।



সময়ের পথেঃ রবিঠাকুরের সাথে

সুদৃশ্য ত্রিভাষী এই সচিত্র রবিজীবনী বিহার বাঙালি সমিতির কার্যালয়ে পাওয়া যাচ্ছে। দাম ৫০০ টাকা। আগ্রহী ব্যক্তি ফোন নম্বর ৯৮৩৫৪৯৫৭৮৮ এবং ৭৯০৩৬৯২৭০৩ তে শ্রী বিশ্বনাথ দেবের সাথে কথা বলুন।

9334727580/ 2228648
AMCO Shoppe
Golghar Chowk, Budh Marg, Patna-800 001
Batteries for 2 Wheeler, 4 Wheelers, Truck, Tractors, Jeep, UPS

ROY JEWELLERS
HARNIWAS COMPLEX
Dak Bunglow Road, Patna – 800 001
Ph. : 0612 – 2204890
Deals in : Hallmark Gold Jewellery, IGI Certified Diamond Jewellery

9430252695
তৃপ্তি মিষ্টান্ন ভান্ডার
কদমকুয়া, পাটনা - ৮০০ ০০৩
মিষ্টি ও পয়োধি দই সরবরাহ করা হয়।

Phone : 2230885/8051233640
Roy Jewellers & Brothers
B – 83 Maurya Lok Complex
Dak Bunglow Road
Patna – 800 001

Roy Brothers
(Jewellers)
Hallmark Gold & Silver Ornaments
Manufactures & Order Suppliers
MACHUATOLI, PATNA – 800 004
Ph.:268-6914, 2303501, Mob.: 9334328283

9431014297
সঞ্চিতার শুভানুধ্যায়ীদের আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা
সঞ্জয় বসাক
১০ বি, রাজেন্দ্র নগর, পাটনা - ৮০০ ০১৬

পাত্র/পাত্রী

বিএসসি, এমএসসি, ইঞ্জিনিয়ার অথবা সমতূল্য শিক্ষাগত যোগ্যতার, ইংরেজি মাধ্যমে শিক্ষিতা, সুন্দরী বাঙালী পাত্রী চাই। পাত্রের বয়স ২৬ বছর, উচ্চতা ৫' ১০", শিক্ষাগত যোগ্যতাঃ এমটেক (ইন্ডিয়ান স্ট্যাটিস্টিকাল ইন্সটিট্যুট থেকে স্বর্ণপদক প্রাপ্ত), কর্মরত (বার্ষিক বেতন ১৭+ লক্ষ), সুপুরুষ, বাঙালী কায়স্থ। যোগাযোগে আগ্রহী হলে পাত্রীর ছবির সাথে বিবরণী হোয়াটস্যাপ নম্বর **8709219946** এ পাঠান।

সৌম চৌধুরী (গোপাল দা)

শ্রী সৌম চৌধুরী (গোপাল দা) আমাদের দুর্গা চরণ স্কুল, ভাগকপুর (১৯৬৯) প্রাক্তন ছাত্র বিগত কিছু বছর ধরে বিহারের সর্বশ্রেষ্ঠ ও একমাত্র সিল্ক Exporter এর Award পেয়ে চলেছেন। আসুন আমরা সবাই তাকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাই । বিহারের বাঙালি গর্ব করার মত কাজ করে চলেছে।

ক্ষুদিরাম বোস’র প্রয়াণ দিবস

ক্ষুদিরাম বসু ছিলেন একজন ভারতীয়-বাঙালি বিপ্লবী যিনি ভারতে ব্রিটিশ শাসনের বিরোধিতা করেছিলেন। ক্ষুদিরাম প্রফুল্ল চাকির সঙ্গে মিলে গাড়িতে ব্রিটিশ বিচারক, ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড আছে ভেবে তাকে গুপ্তহত্যা করার জন্যে বোমা ছুড়েছিলেন।

জন্মের দিন ও স্থান: ৩ ডিসেম্বর, ১৮৮৯, মেদিনীপুর জেলা,

মৃত্যু দিন ও স্থান: ১১ আগস্ট, ১৯০৮, মুজাফফারপুর

পরিচিতি: ভারতীয় বিপ্লবী, পিতামাতা: ত্রৈলোক্যনাথ বসু ও লক্ষীপ্রিয়া দেবী

শিক্ষা: তমলুক হ্যামিল্টন হাই স্কুল ও মেদিনীপুর কলেজিয়েট স্কুল।

১১ আগস্ট ১৯০৮ এই দিনে মুজফ্ফরপুর জেলে ভোর পাঁচটায় ব্রিটিশ সরকার ১৮ বছরের এই তরতাজা যুবককে ফাঁসির মঞ্চে দাঁড় করিয়ে ফাঁসি দেয়। কারাফটকের বাইরে তখন হাজারো জনতার কণ্ঠে ধ্বনিত হচ্ছে ‘বন্দেমাতরম’ স্লোগান।

বিহার ও ঝাড়খন্ড বাঙালি সমিতির বিভিন্ন শাখায় ক্ষুদিরাম বোস’র প্রয়াণ দিবস তাঁর ফটোতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করে পালন করা হয়।

গত ১১ই আগস্ট চান্ডিলে শহীদ ক্ষুদিরাম বসু'র মুর্তি কে সম্পুর্ণ বেআইনী ভাবে উপড়ে ফেলার প্রতিবাদে গত ১৬ই আগস্ট দুপুর ১২ টা নাগাদ নেতাজী সুভাষ আম বাগান ময়দান, সাকচি থেকে এক বিশাল মিছিল বের হয় ও অবশেষে D. C. কে এক প্রতিনিধি মন্ডল গিয়ে প্রতিবেদন দেওয়া হয়। এই মিছিলে যোগ দেওয়ার জন্য সর্বস্তরের শুভবুদ্ধিসম্পন্ন মানুষ, গণসংগঠন, ক্লাব, সংঘ, এসোসিয়েশন ব্যাপক ভাবে সারা দেয়। উক্ত অনুষ্ঠানে ক্ষুদিরাম স্মারক সমিতি চান্ডিল, লোক সাংস্কৃতিক মঞ্চ, সিংভূম বঙ্গীয় এসোসিয়েশন, বঙ্গবন্ধু, ঝাড়খণ্ড বঙ্গভাষী সমন্বয় সমিতি, আনন্দম, অল ইন্ডিয়া মহিলা সাংস্কৃতিক সংগঠন, অল ইন্ডিয়া সেভ এডুকেশন কমিটি, মিলনী ক্লাব, ইত্যাদি প্রায় ১৫ টি গনসংগঠন খুদিরামের উপড়ে ফেলা মুর্তিকে পুনঃস্থাপিত করা ও ১44 ধারাকে উলঙ্ঘন করে যে বা যাঁরা মুর্তি ভেঙেছে তাঁদের দৃষ্টান্ত মূলক শাস্তির দাবীতে সোচ্চার হয়ে ওঠেন। দাবী না মানা হলে আগামীদিনে পুরো রাজ্য ব্যাপী আরো বৃহত্তর ও ব্যাপক আন্দোলন হবে এই বার্তা প্রশাসনকে জানিয়ে দেওয়া হয়।

বিহার বাঙালি সমিতি ৫২তম অধিবেশন : ভাগলপুর: ১লা সেপ্টেম্বর’ ১৯

বিহার বাঙালি সমিতির প্রত্যেক শাখার কেন্দ্রীয় সাধারণ সমিতির (Central Council Member of the Branch) সদস্যদের এই অধিবেশনে যোগদান করে সমিতিকে শক্তিশালী করে তুলতে অনুরোধ জানানো হচ্ছে।

সঞ্চিতার প্রকাশনা

সঞ্চিতার প্রকাশনা খরচ বেড়ে গেছে। অনেক বছর হল সঞ্চিতার বার্ষিক গ্রাহক চাঁদা বাড়ানো হয়নি।

বার্ষিক গ্রাহকদের গত তিন বছরে প্রকাশিত ১৬ সংখ্যার ৮০টাকা ও ২০১৯এর চাঁদা (৭০টাকা) মোট ১৫০টাকা তাড়াতাড়ি ব্যাঙ্ক একাউন্টে জমা করে ও সম্পাদককে জানিয়ে সহযোগিতার হাত বাড়াতে অনুরোধ জানাই।

8405059273
PAL SAREE NIKETAN
Specialist in :
Bengal Handloom Saree, Cuttcki & Fancy Saree, Salwar Suit
Bari Path, Patna—800 004

ANNAPURNA CATERER & PACKAGING SERVICE
Sanchyan, Kidwaipuri,
Patna – 800 001
Mob. : 9334512656 / 9934209251/ 9334253321
Calls for All Occasion & Seasons
annapurnacaterer@yahoo.in

9334157725 (M)
SRI MANI PRINTERS
QUALITY OFFSET PRINTER
Babuganj, Near Gaighat
Gulzarbagh, Patna – 800 007

Mob. 9334335762
NEW
Paul Optico
Opp. Rabindra Furniture
Patna Collegiate Lane, Nala Road
Patna – 800 004 SUNDAY CLOSED

Ph.: 2301978, (M) 9334123007
ROY JEWELLERY WORKS
Gobinda Complex
Gobind Mitra Road, Patna-800 004

বিহার বাঙালি সমিতি, বগাহা শাখা

বিহার বাঙালি সমিতি, বগাহা শাখার বর্ষ ২০১৯-২০২১ এর নির্বাচনের জন্য ৪ঠা অগাস্ট ২০১৯ সাধারণ সভার আয়োজন হয়। নির্বাচন সভায় কেন্দ্রীয় সহ সভাপতি মদন বনিক পর্যবেক্ষক রূপে এবং শঙ্কর কুমার সরকার - সভাপতি (বিহার বাঙলা শিক্ষক সমন্বয় সমিতি), অশোক সরকার – সহ সভাপতি (বেতিয়া শাখা), বিপুল ভট্টাচার্য – যুগ্ম সম্পাদক (বেতিয়া শাখা) উপস্থিত ছিলেন।

নবনির্বাচিত পদকর্তাদের নামঃ- সভাপতি - শঙ্কর চন্দ্র মজুমদার , সহ সভাপতি - অশোক কুমার হালদার,বাবুলাল সাহা, বলরাম অধিকারী, সন্ধ্যা দেবী। সম্পাদক - গৌতম কুমার হালদার, যুগ্ম সম্পাদক - দেবেশ বিশ্বাস, অনুপ হালদার, সুমতি দেবী, অজয় মিস্ত্রি। সহ সম্পাদক - পারেশ ঘরামি, রাজু কুমার ব্যধ, কল্যানী দেবী, উত্তম মিস্ত্রি, কোষাধ্যক্ষ - মোতিচন্দ্র সরকার।
কেন্দ্রীয় সাধারণ পরিষদের সদস্য - বলরাম মণ্ডল, গীতা দেবী, গোবিন্দ কুমার মাঝি, নিখিল দাস, বিমল অধিকারী, বির্জু কুমার শীল, সঞ্জয় কুমার হালদার।
শাখার কার্যকারী সমিতির সদস্য - হেমান্ত ঘরামি, পঙ্কজ কুমার, ভোলা দাস, লালচান সরকার, রোবীন হালদার, অমুল্য মিস্ত্রি, জীতেন্দ্র সরকার, নকুল সরকার, দুলাল ঘরামি, সুদন ধালি।

বিহার বাঙালি সমিতি, বেতিয়া শাখা

বিহার বাঙালি সমিতি, বেতিয়া শাখার বর্ষ ২০১৭-২০১৯র সাধারণ সভার আয়োজন সহ নির্বাচন ২৮ জুলাই ২০১৯ রবিবার আরঃ কেঃ মিশন বিদ্যালয়, বেলবাগ বাঙ্গালি কলোনি বেতিয়াতে হয়। সভার অধ্যক্ষতা রাধাকান্ত দেবনাথ করেন এবং কেন্দ্রীয় সহ সভাপতি মদন বনিক পর্যবেক্ষক রূপে উপস্থিত ছিলেন। শাখা সম্পাদক জগদীশ কুমার বর্মন নিজের প্রতিবেদনে বিগত দুই বছরের সমিতির দ্বারা বিভিন্ন কাজ ও সফলতার উল্লেখ করেন এবং পশ্চিম চম্পারনের বিভিন্ন শাখা নিষ্ক্রিয় হওয়ার জন্য দুঃখ প্রকাশ করেন। তারপর পর্যবেক্ষ মদন বনিক মহাশয়ের অনুমতি অনুসারে বর্ষ ২০১৯-২০২১ এর জন্য বেতিয়া শাখার নির্বাচন পূর্ণ করা হয়।

বেতিয়া শাখার নির্বাচিত পদকর্তাদের নামঃ- সভাপতি - রাধাকান্ত দেবনাথ, সহ সভাপতি - সঞ্জীবন চক্রবর্তী, অজয় কুমার বর্মন, অশোক সরকার, বিশ্বনাথ সাহা। সম্পাদক - জগদীশ কুমার বর্মন : যুগ্ম সম্পাদক - বিপুল ভট্টাচার্য, হৃদয় কৃষ্ণ মিস্ত্রি, দীপক চন্দ্র দে ও জয়কৃষ্ণ দাস। সহ সম্পাদক - ব্রজদুলাল পাল, রাধাকান্ত দেবনাথ, মনোজ দেবনাথ ও কমলেশ সরকার : কোষাধ্যক্ষ - ভাস্কর ভৌমিক
কেন্দ্রীয় সাধারণ পরিষদের সদস্য - মদন বনিক, ইন্দ্রজীত চক্রবর্তী, নীরজ দেবনাথ, সুনিল মণ্ডল, হারাধন দাস, সঞ্জয় কুমার দাস, স্বপন কুমার। শাখার কার্যকারী সমিতির সদস্য - চন্দ্র কুমার পাল, সন্তোষ দেবনাথ, রতন দাস, শোভারানী দাস, শঙ্কর কুমার সরকার, গায়ত্রী দেবী, চন্দ্রনাথ সাহা, বাবুল চন্দ্র দাস, শিবপ্রসাদ বনিক

নব নির্বাচিত বেতিয়া শাখা দ্বারা বেতিয়া শহরে নিঃশুল্ক বাংলা পড়ানোর জন্য সিদ্ধান্ত নেওয়া হয়। বাংলা ক্লাসে প্রত্যেক বাংলা শিক্ষক প্রতিদিন বিকাল ৫ টা থেকে ৬ টা পর্যন্ত পড়াবেন। সভা সভাপতির ধন্যবাদ জ্ঞাপনের পার সভা সমাপ্ত করা হয়।

প্রতিবেদন - জগদীশ কুমার বর্মন, সম্পাদক, বেতিয়া শাখা

GITANJALI PATHO DIAGNOSTICS
Vivekanand Marg, North SK Puri, Boring Road, Patna - 800 013
(0612) 2576123 / 2572429
www.gitanjalipathodiagnostics.com
INTRODUCED IN 2015
- Advia Centaur CP Immuno Assay System
- Siemens Clinitek Novus Fully Automated Urinary Chemistry Analyzer
- BN Prospec Fully Automated Rate Nephelometry
- BD FACSPresto™ for Rapid CD4 count
Eastern India's First ISO 9001 Certified Lab

Sanchita 52th Year: Issue No. 8 August 2019, R.N.I. No.- 28243/67 & Postal Regd. No.- PT 25/2018—20

বিহার বাঙালি সমিতি: ভাগলপুর শাখা নির্বাচন (২০১৯-২১)

গত ২৬.০৫.২০১৯, দুর্গা চরণ হাই স্কুলে কেন্দ্রীয় পর্যবেক্ষক শ্রী ফাল্গুনী মুখার্জী, সভাপতি, মুঙ্গের শাখার উপস্থিতিতে ভাগলপুর শাখার ২০১৭-১৯ এর সাধারণ সভা ও নির্বাচন আয়োজিত হয়।

সভাপতি – রত্না মুখার্জী : সহ সভাপতি – ডা০ সৌমেন চ্যাটার্জী, ডা০ শঙ্কর, ড০ শর্মিলা বাগচী, উত্তম দেবনাথ

সম্পাদক – জয়জিৎ ঘোষ : যুগ্ম-সম্পাদক – সোমনাথ সরকার, সুনন্দা রক্ষিত, প্রজ্জোল সান্যাল, সুবীর সিন্হা, গৌতম সরকার, ছবি রায়, গোবিন্দ ব্যানার্জী। কোষাধ্যক্ষ – সুজয় সর্বাধিকারী, সহ -কোষাধ্যক্ষ – কাকুলী সরকার

সহ-সম্পাদক – জয়জিৎ দত্ত, উৎসব মজুমদার, অরুপ কর্মকার, দেবাশীষ দত্ত, নমিতা পাল, প্রশান্ত দাশ।

শাখার কার্যকারি সমিতির সদস্য – রতন সাহা, নুপুর সরখেল, উদয় মজুমদার, বিবেকানন্দ বাগচী, অরুপ চ্যাটার্জী, আশীষ সেন, শম্ভু চাঁদ কর্মকার, আশীষ রায়, প্রবোধ রায়, সন্ধ্যা কর্মকার।

কেন্দ্রীয় সাধারণ পরিষদ সদস্য — অম্লান কুমার দে, নিরুপম কান্তি পাল, চন্দন সিন্হা, মৌসুমি ঘোষ, ববি দেবনাথ, স্বরজিৎ ঘোষ, শঙ্কর মিত্র।

সমস্তিপুর শাখার সাধারণ সভা ও নির্বাচন

১১অগস্ট বিহার বাঙালি সমিতির সমস্তিপুর শাখার সাধারণ সভা সভাপতি শ্রীমতী জয়তী দাস মহাশয়ার সভাপতিত্বে ও কেন্দ্রীয় দুই পর্যবেক্ষক শ্রী দুর্গাপদ দাস (সভাপতি মজঃফরপুর) ও শ্রী মৃণালকান্তি সিনহা (কেন্দ্রীয় যুগ্ম-সম্পাদক) মহাশয়ের উপস্থিতিতে সফল ভাবে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি শ্রীমতী জয়তী দাস, সম্পাদক ডাঃ সুপ্রিয় মুখোপাধ্যায়, কোষাধ্যক্ষ শ্রী অনুপ মুখোপাধ্যায় ও কেন্দ্রীয় সমিতির সদস্যরা নিজেদের সুচিন্তিত বক্তব্য রাখেন। সভায় নিম্নলিখিত সদস্য শ্রীমতী শবরীতা দাস, শ্রী শ্রীমন্ত চ্যাটার্জি ও শ্রী সত্যজিত ব্যানার্জি সর্বসম্মতিক্রমে নতুন কমিটির সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ নির্বাচিত হন। কমিটির বাকি সদস্যদের পরবর্তী সভায় মনোনয়ন করা হবে।

বিদ্যাসাগর দ্বিশতজন্মবার্ষিকী উদ্‌যাপন

‘বিদ্যাসাগর উৎসব’: ২৬ - ২৭ সেপ্টেম্বর ১৯

বিদ্যাসাগর দ্বিশতজন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আগামী ২৬-২৭ সেপ্টেম্বর ১৯ পর্যন্ত নন্দন কানন, কর্মাটাঁড় বিদ্যাসাগর এ ‘বিদ্যাসাগর উৎসব’ আয়োজিত করা হবে।

প্রভাতফেরি – ২৬.০৯.২০১৯ এ প্রভাতফেরি সকাল ৬টায় ও বিদ্যাসাগরের মূর্তিতে মাল্যদান সকাল ৯টায়।

বিভিন্ন প্রতিযোগিতা: দুই বা তিন বিভাগে করা হবে।

প্রথম পুরস্কার – ১০০০টাকা, দ্বিতীয় পুরস্কার – ৭৫০টাকা তৃতীয় পুরস্কার – ৫০০টাকা মধ্যে পুরস্কার সহ শংসাপত্র দেওয়া হবে। ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করতে নিজেদের ভালবাসার মানুষদের স্মৃতিতে পুরস্কার দিয়ে সহযোগিতার হাত বাড়ান।

ডিবেটের বিষয়— 'বর্তমান সময়ে বিদ্যাসাগরের প্রাসঙ্গিকতা'। প্রবন্ধ – প্রস্তাবিত বিষয় (১) নারী ক্ষমতায়ন, (২) মাতৃভাষার মাধ্যমে শিক্ষা, (৩) বিজ্ঞান ও যুক্তিভিত্তিক ভাবনাচিন্তার প্রসার।

বসে আঁকো – বিদ্যাসাগরকে আঁকা।

ফ্যান্সী ড্রেস (বিদ্যাসাগর সাজা) – বিদ্যাসাগর সাজা।

বিজ্ঞান ভিত্তিক প্রোজেক্ট, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান ও খেলাধূলা আয়োজিত হবে।

আপনারাদের সকলকে সবান্ধব আন্তরিক আমন্ত্রণ জানাই। যে কোন অনুদান বা সহযোগিতা নিচের একাউন্টে জমা করতে অনুরোধ জানাই।

Mode of Payment by RTGS/NEFT to VIDYASAGAR SMIRITIRAKSHA SAMITY (A/C No 37155083919 (IFS Code – SBIN0002959, State Bank of India, Karmatanr Branch, Jamtara)

If undelivered, please return to
SANCHITA, Bengalee Association, Bihar
Rammohun Roy Seminary Campus
Dr. Bidhan chandra Roy Path (Khazanchi Road)
Patna - 800 004
Editor Mob. No. : 9430294287

Sanchita is Printed, Published & Edited by Sunirmal Das on behalf of Bengalee Association, Bihar
Dr. Bidhan Chandra Roy Path (Khazanchi Road), Patna - 800 004, Joint Editor—Bidyut Pal